



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-০১/২০২২

তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০৬ মার্চ, ২০২২ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি:

প্রিয় মহোদয়,

**অন্মোদিত সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক
এবং আইসিটি প্রকল্প স্থাপনের লক্ষ্যে ইএসএফ ঋণ গ্রহণের নিমিত্তে EOI দাখিল প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে গত ২৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রীষ্টাব্দ/ ১২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার লেটার নং-০১/২০২০ ও তদসংযুক্ত
"Entrepreneurship Support Fund (ESF)" সংক্রান্ত খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি প্রকল্প সংশ্লিষ্ট নীতিমালা,
২০১৮(সংশোধিত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


এক্ষেণে, উক্ত নীতিমালা অধিকতর সহজ ও উদ্যোক্তা বান্ধব করণের লক্ষ্যে এর অনুচ্ছেদ নং ১১.১ ও ২৫.২ এ নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা
হলোঃ

অনুচ্ছেদ নং	বিদ্যমান নির্দেশনা	সংশোধিত নির্দেশনা
১১.১.	খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক খাতভুক্ত প্রতিষ্ঠানকে অবশ্যই প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হতে হবে। তবে Expression of Interest (EOI) দাখিলের সময় RJSC হতে Name Clearance গ্রহণ করেও আবেদন করা যাবে।	খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক খাতভুক্ত প্রতিষ্ঠানকে অবশ্যই প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হতে হবে। তবে Expression of Interest (EOI) দাখিলের সময় RJSC হতে Name Clearance গ্রহণ করেও আবেদন করা যাবে। এছাড়া, ট্রেড লাইসেন্স কোম্পানীর নাম গ্রহণের মাধ্যমেও EOI আবেদন করা যাবে।
২৫.২। তবে প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নের ফি বাবদ সংশ্লিষ্ট মূল্যায়নকারী প্রতিষ্ঠান উদ্যোক্তার নিকট হতে ১.০০(এক) লক্ষ টাকা প্রাপ্য হবে এবং এ ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজ্য ভ্যাট প্রকল্প কর্তৃপক্ষ বহন করবে যা উদ্যোক্তার একুইটি অংশে বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে।। তবে প্রকল্প প্রস্তাবনা মূল্যায়নের ফি বাবদ সংশ্লিষ্ট মূল্যায়নকারী প্রতিষ্ঠান উদ্যোক্তার নিকট হতে ১.২৫ লক্ষ টাকা প্রাপ্য হবে এবং এ ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজ্য ভ্যাট প্রকল্প কর্তৃপক্ষ বহন করবে এবং ভ্যাটসহ প্রকল্প মূল্যায়ন ফি উদ্যোক্তার একুইটির অংশে বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে।

উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ হানিফ মিয়া)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোনঃ ৯৫৩০২১২

e-mail:hanif.miah@bb.org.bd



